# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন
## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: মার্চ/২০২১**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | - | - | - | ১৩ | ১৩ | ০২ | পরিশিষ্ট-ক | ১১ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০১ | - | ০১ | ০১ | ০২ | ০২ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | - | - | - | ০৮ | ০৮ | ০২ | পরিশিষ্ট-ক | ০৬ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | - | - | ১১ | ১১ | ০২ | পরিশিষ্ট-ক | ০৯ | ঐ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | - | ০২ | ০২ | ০৩ | ০৫ | ০৩ | পরিশিষ্ট-ক | ০২ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | ০১ | ০১ | - | - | ০১ | ঐ |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | |
| পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | - | - | - | - | - | |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | |
| **মোট** | ০১ | ০২ | ০৩ | ৩৭ | ৪০ | ১১ | - | ২৯ | |

**পরিশিষ্ট-ক**

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** জনাব মিজানুর রহমান, উপসচিব, শিল্প মন্ত্রণালয় (প্রাক্তন ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, SENSREC Project) এর বিরুদ্ধে আনীত অভিযোগটি বেনামী। যাদের পক্ষে বেনামী স্বাক্ষর করা হয়েছে তারা বিষয়টি পুরোপুরি অবহিত নন অভিযোগের ধরণ দেখে তা প্রতীয়মান হয়েছে। জনাব মিজানুর রহমান এর বিরুদ্ধে কোন ব্যক্তি, সংস্থা, উঁদ্যোক্তা বা ব্যবসায়ীর কোন অভিযোগ বা বিরুপ কোন মন্তব্য নেই। সার্বিক বিবেচনায় জনাব মিজানুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগ বা বিরুপ কোন মন্তব্য নেই। সার্বিক বিবেচনায় জনাব মিজানুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগটি ভিত্তিহীন মর্মে প্রতীমান হয়েছে।

**(খ)** এনপিও এর পরিচালক জনাব নিশ্চিত কুমার পোদ্দার এর দুর্নীতি, স্বজনপ্রীতি, ধর্মীয় দৃষ্টিভঙ্গি, শ্রেণী বিন্যাস প্রসঙ্গে অভিযোগের বিরুদ্ধে কোন প্রমাণ পাওয়া যায়নি মর্মে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

২। **বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি):**

**(ক)** ইষ্টার্ন কেবলস লি: এর বিরোধী দলের নন-সিবিএ (রেজি নং-৯৭) সেক্রেটারী ইদ্রিসের (কালা ইদ্রিস) নানান ধরনের অনিয়মের মাধ্যমে কারখানায় ত্রাসের রাজত্ব করা বিষয়ে প্রাপ্ত অভিযোগটি তদন্তপূর্বক প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি।

**(খ)** অবৈধভাবে চাকুরীতে নিয়োগ বিষয়ে জনাব মো: বরকত উল্লাহ, কম্পিউটার অপারেটর, সাধারণ কর্মশাখা, বিএসইসি, ঢাকা এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ বিষয়ে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগটি সঠিক নয়।

৩। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):

**(ক)** শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত অভিযোগপত্রে বর্ণিত (জিআএস এর আওতায়) সংস্থাধীন কেপিএম লি: এর পুরাতন কাগজ পরিবহণ ঠিকাদার নিয়োগে অনিয়মের অভিযোগে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদন কার্যপরিধি অনুযায়ী না হওয়ায় তা পুনরায় কার্যপরিধি মোতাবেক দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তার নিকট ফেরত পাঠানো হয়। পুন:প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদনমতে অভিযুক্ত কর্মকর্তা মৃত্যুবরণ করেছেন। অতএব অভিযোগটি জিআরএস হতে নিষ্পত্তি মর্মে গণ্য করা যেতে পারে।

**(খ)** ডিএপিএফসিএল এর ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জাহান এন্টারপ্রাইজ এর অভিযোগমতে, ডিএপিএফসিএল ব্যবস্থাপনাকে ঘুষবাবদ ১০,০০০/- (দশ) হাজার টাকা না দেয়ায় ইজিপি'র মাধ্যমে সরবরাহকৃত পণ্যের চেক আটকে রাখার অভিযোগটি তদন্তে সত্যতা পাওয়া যায়নি।

৪। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):

**(ক)** মেসার্স জিবিসি ইন্টারন্যাশনাল ২৩৬, রিউ এলিফ্যান্ট্রোড, ঢাকা ১২০৫। প্রধান প্রকৌশলীর পি, এ মো: শাহাদাত হোসেন, পুরকৌশল বিভাগ, বিসিক, ঢাকার বিরুদ্ধে ঠিকাদারী লাইসন্স নবায়ন করতে নির্দিষ্ট ফি ছাড়াও আলাদাভাবে ২০০০/- (দুই হাজার) টাকার অতিরিক্ত প্রদান করার বিষয়ে অভিযোগটি অপ্রমাণিত হওয়ায় অভিযোগটি নথিজাত করা হয়েছে।

**(খ)** জনাব মো: মামুনুর রশিদ, আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয় বিসিক, রাজশাহী এর বিরুদ্ধে সীমহীন দুর্নীতি ও প্রচন্ড অসদাচরণের কারনে রাজশাহী বিভাগের বিসিকের সকল পূর্ত কাজ স্থবির ও অচলায়তন প্রসংগে বিসিকের ঠিকাদারবৃন্দ কর্তৃক দাখিলকৃত অভিযোগটি হতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে অব্যাহতি প্রদান করা হয়েছে।

৫। **বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):**

(ক) নারায়ণগঞ্জ জেলা সদরে অবস্থিত কোয়ালিটি সল্ট ইন্ডাস্ট্রিজ, আলী সল্ট ইন্ডাস্ট্রিজ, কুমিল্লা সল্ট ইন্ডাস্ট্রিজ, নারায়ণগঞ্জ সল্ট ইন্ডাস্ট্রিজ ও প্রগতি সল্ট ইন্ডাস্ট্রিজ এ আয়োডিন মিশ্রণের সুযোগ সুবিধা নেই, বিসিক ও বিএসটিআই'র মাঠ পর্যায়ের যোগসাজশে ফ্যাক্টরি চলছে মর্মে অভিযোগ করা হয়েছে। অভিযোগটি তদন্তপূর্বক অবৈধ লবণ উৎপাদনকারী প্রতিষ্ঠান সনাক্ত করে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। সিএম লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মোবাইল কোর্ট অভিযানের মাধ্যমে দুটি প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা করে মোট ১ (এক) লক্ষ টাকা জরিমানা করা হয়।

(খ) aktlaki20202020@gmail.com ইমেইল হতে অনলাইনের মাধ্যমে কুমিল্লা জেলার লাকসাম উপজেলার বাকই ইউনিয়নের ২ নং ওয়ার্ড বিজরা বাজার এলাকার এবং কুমিল্লা জেলার লালমাই থানার আযথা খোলা ইউনিয়নের হলুদিয়া গ্রামের দুটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে অনুমোদনহীনভাবে প্রাইম সয়াবিন অয়েল, আলম সয়াবিন অয়েল ও প্রাইম পাম অলিন উৎপাদন করে বিক্রির অভিযোগ করা হয়। উক্ত অভিযোগের ভিত্তিতে বিএসটিআই জেলা অফিস, কুমিল্লা হতে তদন্ত টিম গঠনপূর্বক সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রতিষ্ঠান দুটিতে কোন উৎপাদন করতে দেখা যায়নি এবং উৎপাদিত কোন পণ্যও পাওয়া যায়নি। তবে প্রতিষ্ঠান দুটিতে বিএসটিআই হতে সিএম লাইসেন্স গ্রহণের লক্ষ্যে আইএসও/আইইসি গাইড-১৭০৬৫ অনুসরণ করে কারখানার সংস্কার করতে দেখা যায়। সংস্কার শেষে প্রতিষ্ঠানটি লাইসেন্স গ্রহণ করবে এবং তিনি কোন অবৈধ উৎপাদনের সাথে জড়িত নন এবং ভবিষ্যতেও অনুমোদন ব্যতীত কোন পণ্য উৎপাদন করবেন না বলে অঙ্গীকার নামা প্রদান করেন।

(গ) মেসার্স জনতা এন্টারপ্রাইজ, চট্টগ্রাম নামীয় প্রতিষ্ঠানের বিরুদ্ধে অনুমোদন ব্যতীত সিনথেটিক ডিটারজেন্ট পাউডার পণ্য উৎপাদনের অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের ভিত্তিতে বিএসটিআই বিভাগীয় অফিস চট্টগ্রাম হতে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্তকালে দেখা যায় যে, প্রতিষ্ঠানটি সিনথেটিক ডিটারজেন্ট পাউডারের অনুকূলে জনতা ব্রান্ড নামীয় পণ্যের অনুমোদন নিয়ে Safely ও Safely XL নামীয় অপর দুটি অনুমোদনবিহীন ব্রান্ড উৎপাদন করছে। অনুমোদনহীন পণ্য উৎপাদনের দায়ে প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী জনাব মোঃ মহিবুল্লাহ এর বিরুদ্ধে বিজ্ঞ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে নিয়মিত মামলা দায়ের করা হয়।